**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-01-2026**
**Time : 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## SKOCH Award 2025 :

মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্প, শাসন পরিচালনা এবং উন্নয়নের ক্ষেত্রে অন্যতম সর্বোচ্চ স্বাধীন জাতীয় পুরস্কার হিসেবে চিহ্নিত স্কচ পুরস্কার ২০২৫ পেয়েছে। নয়াদিল্লির ইন্ডিয়া হেবিটেট সেন্টারের সিলভার ওক হলে 'গভর্নিং বিকশিত ভারত' থিমের উপর আয়োজিত স্কচ শীর্ষ সম্মেলনে পুরস্কারটি প্রদান করা হয়। রাজ্য সরকারের পক্ষে নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা এবং যুগ্ম অধিকর্তা এই পুরস্কার গ্রহণ করেন।

*************

## PM-BVYLD :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উদ্ভাবনী ধারণা, শক্তি এবং উদ্দেশ্য নিয়ে, যুবশক্তি জাতি গঠনের অগ্রভাগে রয়েছে। তিনি গতকাল নয়াদিল্লিতে ভিকসিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপনী অধিবেশনে এ কথা বলেন। শ্রী মোদী উল্লেখ করেন যে ২০৪৭ সালে যখন দেশ স্বাধীনতার ১০০ বছর পূর্ণ করবে, তখন আজকের যুবসমাজের জীবনের জন্য এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হবে। যুবাদের সক্ষমতা ভারতের সক্ষমতা হয়ে উঠবে এবং তাদের সাফল্য ভারতের সাফল্যকে নতুন উচ্চতায় নিয়ে যাবে।

###### Byte PM ######

৯ থেকে ১২ জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত ভিকসিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এ দেশজুড়ে বিভিন্ন স্তরের ৫০ লক্ষেরও বেশি তরুণ অংশগ্রহণ করেছেন।

*************

**BVYLD :**

জাতীয় যুব দিবস উপলক্ষে নয়াদিল্লির ভারত মন্ডপমে আয়োজিত বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ অনুষ্ঠানে গতকাল প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ত্রিপুরার যুব প্রতিনিধি বিশাল দেব দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের প্রতিনিধিদের সঙ্গে বন্দেমাতরম সঙ্গীতে অংশ গ্রহনের সুযোগ পেয়েছেন। এছাড়া ডিজাইন ফর ভারতে ত্রিপুরার টিআইটি-র তিন ছাত্র-ছাত্রী জন্মেজয় দাস, হিমাদ্রিতা দাস ও অঞ্জিতা পাল দ্বিতীয় স্থান অধিকার করেছে। ত্রিপুরা সরকারের তথ্য সংস্কৃতি এবং ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের সচিব ডঃ প্রদীপ চক্রবর্তী আকাশবাণীর প্রতিনিধিকে এই সংবাদ জানিয়েছেন।

*************

**Sishu Mela-CM :**

জয়নগর নব দিগন্ত সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে ২৬ তম শিশু উৎসবের গতকাল শেষ হয়েছে| সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। গত চার জানুয়ারি থেকে এই উৎসব শুরু হয়।

*************

**Budget :**

সংসদের বাজেট অধিবেশন ২৮ জানুয়ারী শুরু হবে এবং ২রা এপ্রিল পর্যন্ত চলবে। ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট ১লা ফেব্রুয়ারি পেশ করা হবে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা গতকাল নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন বাজেট উপস্থাপনের প্রক্রিয়া ১লা ফেব্রুয়ারি নিম্নকক্ষে সকাল ১১ টায় শুরু হবে। এর আগে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন বাজেট অধিবেশনের প্রথম পর্ব ১৩ই ফেব্রুয়ারি শেষ হবে। অধিবেশনের দ্বিতীয় পর্ব ৯ই মার্চ পুনরায় শুরু হবে এবং ২রা এপ্রিল পর্যন্ত চলবে।

*************

**Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ ত্রিপুরা স্টেট অর্গানিক ফার্মিং ডেভেলপমেন্ট এজেন্সি এবং বড়মুড়া অর্গানিক প্রোডিউস কোম্পানি লিমিটেডের যৌথ উদ্যোগে গতকাল আগরতলা রেলস্টেশন থেকে কলকাতার উদ্দেশ্যে ১৫ হাজার সুগন্ধি লেবুর একটি কনসাইনমেন্টের আনুষ্ঠানিক সূচনা করেন। তিনি বলেন ২০১৮ সালের আগে ত্রিপুরায় মাত্র দুই হাজার হেক্টর জমিতে অর্গানিক চাষ হতো। বর্তমানে সেই পরিমাণ বেড়ে কুড়ি হাজার হেক্টর ছাড়িয়েছে। সরকার ফার্মার প্রোডিউসার কোম্পানির মাধ্যমে কৃষকদের বাজার ও ন্যায্যমূল্য নিশ্চিত করতে সব ধরনের সহায়তা করবে।

*************

**Boating Service-Balinath Dighi :**

জোলাইবাড়ি ব্লক প্রশাসনের উদ্যোগে জোলাইবাড়ির পশ্চিম পিলাক গ্রাম পঞ্চায়েত এলাকার কলোনীর বলিনাথ দীঘিতে গতকাল থেকে নৌকাবিহার চালু হয়েছে। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া|

*************

**Jitendra Choudhury :**

বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থে গতকাল সাবরুমে দুটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। ২৫ লক্ষ টাকা ব্যয়ে রতনমনি ভিলেজের চেন্দামনি বৌদ্ধ বিহারে কমিউনিটি সেন্টার এবং বিজয়নগর গ্রাম পঞ্চায়েতের বড়খলায় ৮ লক্ষ টাকা ব্যয়ে হরিচাঁদ ঠাকুরের মন্দিরের মুক্ত মঞ্চের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি|

*************

**Yuba Dibas :**

আগরতলার শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে তিন দিন ব্যাপী বিবেকানন্দ জন্মজয়ন্তী অনুষ্ঠান গতরাতে শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য ও রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে এলাকার ৫0 জন যুবাকে সংবর্ধনা দেয়া হয়।

*************

**Health Camp- Dhalai :**

ধলাই জেলার রইস্যাবাড়ি তুইচাকমা আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গতকাল 'মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযান'-এর অধীনে এক স্বাস্থ্য শিবির ও সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। শিবিরে ৩৫ জন গ্রামবাসী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন। পরে এক আলোচনা সভায় সংক্রামক ব্যাধি প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কেও সচেতন করা হয়।

*************

**Birsa Munda Football :**

ভগবান বিরসা মুন্ডা রাজ্য আন্ত: হোস্টেল ফুটবল প্রতিযোগিতায় দুই বিভাগেই রাজ্যসেরা হলো গোমতী জেলা। গতরাতে উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের

দুই বিভাগের ফাইনাল হয়। বালক বিভাগের ফাইনালে গোমতী জেলা ৬-0 গোলে বিধ্বস্ত করে সিপাহীজলা জেলাকে। বালিকা বিভাগের ফাইনালে গোমতী জেলা ৫-0 গোলে হারায় পশ্চিম জেলাকে। বালিকা এবং বালক বিভাগে তৃতীয় স্থান দখল করে যথাক্রমে ধলাই ও  দক্ষিণ জেলা| পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছিলেন উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। ট্রফি সহ চ্যাম্পিয়ন দলকে ১ লক্ষ, রানার্স দলকে ৭৫ হাজার ও তৃতীয় স্থান দখলকারীকে ৫0 হাজার টাকা প্রাইজমানি দেয়া হয়।

*************

**Weather :**

আজ আকাশ পরিস্কার থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস।

*************

*************